

## শাহরিয়ার, লিটন, হাসান আজিজুল হক ও রাবি ভিসিকে হত্যার হুমকি

স্টাফ রিপোর্টার, রাজশাহী। এবার পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম এমপি, রাজশাহীর আওয়ামী লীগ নেতা এএইচএম খায়রুজ্জামান, লিটন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজান উদ্দিন ও কথাশিল্পী হাসান আজিজুল হকসহ বিশিষ্ট ৮ ব্যক্তিকে হত্যার হুমকি দিয়ে উড়োচিঠি পাঠিয়েছে আনসার আল ইসলাম (আল কায়েদা ভারতীয় উপমহাদেশ)। ওই সংগঠনটির প্যাডে এ হত্যার হুমকি দেয়া হয়। চিঠিতে রাজশাহীর স্থানীয় স্যানশাইনের ব্যবস্থাপনা সম্পাদক ইউনুস আলীকেও ওই ৮ জনের তালিকায় রাখা হয়েছে। সোমবার সকালে ডাকযোগে চিঠিটি পত্রিকার কার্যালয়ে পৌঁছে একই ধরনের চিঠি পররাষ্ট্র মন্ত্রণালয়েও

পৌঁছেছে বলে পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বিশেষ সহকারী সিজাজুল ইসলাম জানিয়েছেন। তবে ওই চিঠিটি আনসার আল ইসলামের নয় বর্গেও জানান তিনি। চিঠিতে হত্যা করা হবে বলে আরও যাদের নাম প্রকাশ করা হয়েছে, তারা হলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি ইকরুল বাহার, রাজশাহী শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল হায়ত ও রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার। চিঠির মাস্টহেডে লেখা হয় 'রাজশাহী শহরে আমাদের টার্গেটসমূহ'। চিঠির শুরুতেই লেখা হয়, আলহামদুলিল্লাহ। আমাদের বাংলাদেশ শাখার উপশাখা রাজশাহী অঞ্চলে আমাদের (১৯ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)